গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৭০(এ).২১- ১৮৫৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

প্রেরক : তানজিলা খানম
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : মাগুরা জেলার মুহাম্মদপুর উপজেলাধীন সরকারিকৃত বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান কলেজ -এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ০৪ (চার) টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে মাগুরা জেলার মুহাম্মদপুর উপজেলাধীন সরকারিকৃত বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান কলেজ -এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ০৪ (চার) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ০৮ আগস্ট ২০১৮ তারিখ হতে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | প্রভাষক (নন-ক্যাডার) :<br>হিসাববিজ্ঞান-০১ (এক) টি<br>প্রাণিবিদ্যা-০১ (এক) টি<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০১ (এক) টি<br>উপমোট পদ-০৩ (তিন) টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২) | সহকারী লাইব্রেরিয়ান ০১ (এক) টি | ৳ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১৭ (খ) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ = ০৪ (চার) টি | | |

শর্তসমূহ

১) বর্ণিত পদের ব্যয় সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং ১২৫০২০৭০০০০০০-৩১১১-১০১-২০১-৩০২-৩০৬-৩০৯-৩১০-৩১১-৩১৪-৩১৬-৩২৫-৩২৭-৩২৮-৩৩৫-৩৩৮ খাত হতে নির্বাহ করা হবে;

২) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

৩) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৪) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

চলমান পাতা-২

৫) শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৬) যে সব পদ নিয়োগ বিধিতে নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৭) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

২। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ এপ্রিল ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০৫৭.২২.৭৭, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ৩১ মে ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৮৩.২১-৪১৮, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২২ জুন ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০১৯.২১-২৪৩ এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ১৭ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২২.২৩.২০২ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

(তানজিলা খানম)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৭০(এ).২১- ১৮৫৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩০ / ২০ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ৩১ মে ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৮৩.২১-৪১৮ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(তানজিলা খানম)
উপসচিব

নম্বর- ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৮৩.২১.১০৪০ তারিখ: ২৭/১১/২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

দেবাংশু কুমার সিংহ
সিনিয়র সহকারী সচিব
সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৭০(এ).২১- ১৮৫৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩০ / ২০ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ)।

চলমান পাতা-৩

০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।

০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৯) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১১) অধ্যক্ষ, বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান কলেজ, মুহাম্মদপুর, মাগুরা।

১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৩) অফিস কপি।

TKhanam
20/11/2022
(তানজিলা খানম)
উপসচিব